



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুগ্ম জেলা জজ ১ম আদালত, ও জজ অর্থ ঋণ আদালত, রাজশাহী।

অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এবং ৩৩(৪) ধারা মোতাবেক

### নিলাম বিজ্ঞপ্তি

অর্থ ঋণ মোকদ্দমা নং-১৬/১৫ বন্ধকী জারী  
মূল-১১/১৩ (বন্ধকী)

বাদী/ডিক্রীদার	বনাম	বিবাদী/দেনদার
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দুর্গাপুর শাখা থানা- দুর্গাপুর, জেলা-রাজশাহী পক্ষে ব্যবস্থাপক।		নিগার কোল্ড স্টোরেজ প্রা: লি: প্রো: মৃত নুরুল নবী (ব্যবস্থাপক), পরিচালক এর ওয়ারিশ ১।(ক) মেহের নেগার স্বামী-মৃত আলহাজ্ব আবেদ আলী স্বর্ণকার ১।(খ) মোবাম্বির হোসেন (মুবিন) পিতা-মৃত নুরুল নবী ২। মো: নুরুল ইসলাম (পরিচালক) ৩। মো: নুরুলজামান (পরিচালক) উভয় পিতা-মৃত আলহাজ্ব আবেদ আলী স্বর্ণকার সর্বসাং- শালঘরিয়া, পো: + থানা:- দুর্গাপুর, জেলা-রাজশাহী।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, উল্লিখিত মোকদ্দমায় ডিক্রীদারের পাওনা ২৪,৩৪,৯৯,২৭১/- টাকা এবং পরবর্তীতে সুদ ও খরচের টাকা আদায়ের নিমিত্তে দায়িকের নিম্ন তপশীল বর্ণিত বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের জন্য ১৪/০৩/২১ খ্রি: তারিখে বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উর্ধ্বতদর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। দরপত্র সরাসরি দরপত্র বাস্তবে কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগেও নির্ধারিত সময়ের মধ্যে যুগ্ম জেলা জজ ১ম আদালত, রাজশাহী বরাবরে দাখিল করিতে পারিবেন। ঐ দিন সময় বেলা ৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে এবং দরদাতার অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত তাহার উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। তবে শর্ত থাকে যে, দরপত্রে প্রস্তাবিত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে আদালত দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন। ইচ্ছুক দরদাতাগণ ব্যক্তিগতভাবে বিস্তারিত তথ্যাদি জানার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে অথবা ডিক্রীদার ব্যাংক শাখায় যোগাযোগ করিতে পারেন। কৃতকার্য দরদাতাকে আদালত কর্তৃক সম্পত্তির দখল বুঝাইয়া দেওয়া হইবে। আগ্রহী দরদাতাকে সাদা কাগজে প্রস্তাবিত দর উল্লেখ করত: নাম, পিতার নাম, সাকিন, ডাকঘর, থানা, জেলাসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করিয়া টেন্ডারে অংশগ্রহণ করিবার জন্য অনুরোধ করা হইল। অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর সংশ্লিষ্ট ধারা ও উপধারার শর্তাবলী যথারীতি প্রতিপালন না হইলে দরপত্র নাকচ বলিয়া গণ্য হইবে।

#### তপশীল

প্র: ঋণ নং	সাবেক ঋণ নং	হাল ঋণ নং	সাবেক দাগ নং	আর এস দাগ নং	পরিমাণ
৬৬৪	১৭৭	২১	১১৪১	১৩৮৫	.১০ একর
	১৭৭	৪০৮	১১৪১	১৩৮৩	.০৬ একর
	৬৫	২৩১	১১৪১	১৩৮২	.০৬ একর
	৬৫	৩৩৯	১১৪১	১৩৮৪	.১১ একর
	৮৯	২৭৬	১১৩৭	১৩৮১	.২৬ একর
	৮৯	২৭৬	১১৩৭	১১৩৭	.০৫ একর
	১১৭	৩৮	১১৪২	১৩৫৩	.০৭ একর
	১১৪	৬৪	১১৪২	১৩৫২	.০৯ একর
	১১৪	৬৪	১১৪৮	১৩৩৭	.০২ একর
	১১৭	৩৮	১১৪৭	১৩৩৮	.০২ একর
	৮৮	২৪০	১১৩৭	১৩৭৭	.০৪ একর
	৮৮	২৪০	১৩৭	১৩৮০	.৩০ একর
	৮৭	৪১	১১৩৭	১৩৩৮	.৩২ একর
	৮৭	৪১	১৩৩৭	১৩৭৯	.৪০ একর
	১৩৩	৫১	১০৫৫	১৩৫৫	.৩১ একর
	১৩৩	৫১	১০৫৫	১৩৫৬	.০৮ একর
	১৫১/১৫২	৪০৫	১১৩৭	১৩৮৬	.১৩ একর
					২.৪২ একর

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার

যুগ্ম জেলা জজ ১ম আদালত,  
রাজশাহী।

সোনালী-(স)-৬০/২০২১